# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৯৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দুনিয়াতে সর্বোত্তম জায়গা হলো মসজিদ এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ خَيْرَ الْبِقَاعِ فِي الدُّنْيَا المساجد

আরবী

1597 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ بْنِ عَمْرٍو الْقُرَشِيُّ بِالْبَصْرَةِ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ مُحَارِبِ بْنِ دِثَارٍ عَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَجُلًا سَأَلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَيُّ الْبِقَاعِ شَرٌّ؟ قَالَ: (لَا أَدْرِي حَتَّى أَسْأَلَ جِبْرِيلَ) فَسَأَلَ جِبْرِيلَ فَقَالَ: لَا أَدْرِي حَتَّى أَسْأَلَ مِيكَائِيلَ فَجَاءَ فَقَالَ: (خَيْرُ البقاع المساجد وشَرُّها الأسواق)

الراوي : ابْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1597 | خلاصة حكم المحدث: حسن دون ذكر ميكائيل ـ ((التعليق الرغيب)) (1/ 131).

বাংলা

১৫৯৭.আব্দুল্লাহ ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, “কোন জায়গা সবচেয়ে মন্দ?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “জিবরীল আলাইহিস সালামকে জিজ্ঞেস না করা পর্যন্ত আমি বলতে পারছি না।” অতঃপর তিনি জিবরীল আলাইহিস সালামকে জিজ্ঞেস করেন। কিন্তু তিনিও বলেন, “মীকাঈল আলাইহিস সালামকে জিজ্ঞেস না করা পর্যন্ত আমি বলতে পারছি না।” তারপর তিনি এসে বলেন, “শ্রেষ্ঠ জায়গা হলো মাসজিদ আর সবচেয়ে মন্দ জায়গা হলো বাজার।”[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৩/৬৫; হাকিম: ১/৯০; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ২/৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে ‘মীকাঈল আলাইহিস সালাম এর অংশ ব্যতীত বাকী হাদীসকে হাসান বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ১/১৩১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91191

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন